

"ছেলে হোক মেয়ে হোক
দু'টি সন্তানই যথেষ্ট"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবার পরিকল্পনা অধিদপ্তর
এমসিএইচ-সার্ভিসেস ইউনিট
৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫
www.dgfp.gov.bd

স্মারক নং-৫৯.১১.০০০০.৪৫৯.১১.০০৩.২৫-৩২৭

তারিখঃ ২৫/০৬/২০২৬খ্রিঃ

নিয়োগ বিজ্ঞপ্তি

পরিবার পরিকল্পনা অধিদপ্তরাধীন এমসিএইচ-সার্ভিসেস ইউনিটের উদ্যোগে এবং UNFPA-এর অর্থায়নে প্রাতিষ্ঠানিক প্রসবসেবা জোরদারকরণ ও মিডওয়াইফারি সেবা সম্প্রসারণের লক্ষ্যে নির্বাচিত মা ও শিশু কল্যাণ কেন্দ্র (MCWC) এবং ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র (UH&FWC)-এ শূণ্য পদ পূরণের নিমিত্ত সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে মিডওয়াইফ নিয়োগের জন্য প্রকৃত যোগ্যতাসম্পন্ন বাংলাদেশের স্থায়ী মহিলা নাগরিকদের নিকট হতে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

পদের নামঃ	মিডওয়াইফ
পদের সংখ্যাঃ	৪৩টি সেবা কেন্দ্রে শূণ্য পদে নিয়োগ এবং একটি অপেক্ষমাণ তালিকা প্রস্তুত করা হবে।
যোগ্যতাঃ	৩ (তিন) বছর মেয়াদী ডিপ্লোমা ইন মিডওয়াইফারি পরীক্ষায় উত্তীর্ণ এবং বাংলাদেশ নার্সিং অ্যান্ড মিডওয়াইফারি কাউন্সিল (BNMC) কর্তৃক স্বীকৃত সনদধারী হতে হবে। প্রজনন স্বাস্থ্য, মা ও শিশু স্বাস্থ্য এবং পরিবার পরিকল্পনা সেবায় অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার প্রদান করা হবে।
বয়সঃ	০১/০৭/২০২৬ খ্রিঃ তারিখে প্রার্থীর বয়স সর্বোচ্চ বয়সসীমা ৩০ বছর। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা ৩২ বছর।
মাসিক বেতন সাকুল্যেঃ	৪০,০০০/- (চল্লিশ) হাজার টাকা।
অন্যান্য সুবিধাঃ	প্রযোজ্য নয়।
চাকুরীর মেয়াদ কালঃ	৩১/১২/২০২৬ খ্রিঃ তারিখ পর্যন্ত। তবে UNFPA-এর অর্থায়ন প্রাপ্তি সাপেক্ষে এবং কর্তৃপক্ষের অনুমোদনক্রমে চাকুরির মেয়াদ বৃদ্ধি করা যেতে পারে। মেয়াদ বৃদ্ধির ক্ষেত্রে নিয়োগপ্রাপ্তদের মধ্য হতে মেধাক্রম অনুযায়ী প্রয়োজনীয় সংখ্যক জনবল নির্বাচন করা হবে।

শর্তাবলীঃ

- প্রার্থীদের অবশ্যই আগামী ০৭/০৭/২০২৬ খ্রিঃ তারিখ বিকাল ০৪:০০ ঘটিকার মধ্যে নিম্নবর্ণিত কাগজপত্রের ফটোকপিসহ পরিচালক (এমসিএইচ-সার্ভিসেস) বরাবর আবেদন করতে হবে। অসম্পূর্ণ ও ত্রুটিযুক্ত আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- আবেদনপত্রে স্পষ্টাক্ষরে বাংলায় প্রার্থীর (ক) নিজ নাম (খ) পিতার নাম (গ) স্বামীর নাম (প্রযোজ্য ক্ষেত্রে) (ঘ) মাতার নাম (ঙ) বর্তমান ঠিকানা: গ্রাম-মহল্লা, ডাকঘর, পোস্ট কোড নং, উপজেলা, জেলা (চ) স্থায়ী ঠিকানা : গ্রাম-মহল্লা, ডাকঘর, পোস্ট কোড নং, উপজেলা, জেলা (ছ) শিক্ষাগত যোগ্যতা (জ) জাতীয়তা (ঝ) জন্ম তারিখ (ঞ) ধর্ম (ট) অভিজ্ঞতা (ঠ) বৈবাহিক অবস্থা (সন্তান সংখ্যা প্রযোজ্য ক্ষেত্রে) (ড) ই-মেইল ঠিকানা (ঢ) মোবাইল নং (ণ) জাতীয় পরিচয়পত্রের নম্বর (ত) আবেদনপত্রে স্বাক্ষর অবশ্যই থাকতে হবে।
- আবেদনপত্রের সাথে নিম্নে বর্ণিত কাগজপত্রের ফটোকপি কপি সংযুক্ত করতে হবে।
(ক) ডিপ্লোমা ইন মিডওয়াইফারি উত্তীর্ণ সনদসহ সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত কপি। (খ) বিএনএমসি কর্তৃক প্রদত্ত রেজিস্ট্রেশন এর সত্যায়িত কপি। (গ) আবেদনপত্রের সাথে প্রার্থীর সদ্য তোলা পাসপোর্ট সাইজের রঞ্জন ছবি। (ঘ) আবেদনপত্রের সাথে প্রার্থীর নাগরিকত্ব সনদপত্র (যে ইউনিয়ন/পৌরসভা/ সিটি কর্পোরেশন এর স্থায়ী বাসিন্দা সেই ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/ সিটি কর্পোরেশন এর কাউন্সিলর কর্তৃক প্রদত্ত) এর সত্যায়িত কপি (ঙ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি।
- প্রবেশপত্র প্রার্থী কর্তৃক প্রদত্ত ই-মেইলে প্রেরণ করা হবে। প্রবেশপত্রের প্রিন্টকপি ছাড়া কোন পরীক্ষার্থীকে পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করতে দেয়া হবে না।
- পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে কোন প্রকার যাতায়াত/আপ্যায়ন ভাতা প্রদান করা হবে না।
- যে কোন প্রকার তদবির/সুপারিশ প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে।
- কর্তৃপক্ষ কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে এই নিয়োগ বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।
- নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।
- বিস্তারিত জানার জন্য পরিবার পরিকল্পনা ওয়েব সাইট www.dgfp.gov.bd ভিজিট করা যেতে পারে।

(ডাঃ নাছির আহমদ)

পরিচালক (এমসিএইচ-সার্ভিসেস) ও
সভাপতি

মিডওয়াইফ নিয়োগ কমিটি

ফোনঃ ০২-৫৫০১২৩৫৮ (অফিস)

ই-মেইলঃ dirmchsf@gmail.com